

(প্রেস বিজ্ঞপ্তি)

৩১ জুলাই ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত  
এডিস মশার বিস্তার রোধে ভ্রাম্যমান আদালতের অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর চকবাজার তেলিপট্রি রোড, কাপাসগোলা রোড, কে বি ফজলুল কাদের রোডের ফুটপাতে দোকানের মালামাল রাখায় ও ময়লা আবর্জনা ফেলায় জনদুর্ভোগ সৃষ্টিসহ জনগণের চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টির দায়ে ৪ দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং নির্মাণাধীন ভবনের নীচতলায়, বাসা বাড়ীর আঙ্গিনায় মশার ঔষধ ছিটানো কার্যক্রম তদারকি করা হয়।

অপর এক অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে নগরীর লালবাজারস্থ ইস্পাহানী মোড়, চানমারী রোড, বাঘঘোনা ও আমিরবাগ আবাসিক এলাকায় নির্মাণাধীন ভবনের নীচতলায় এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় দুই ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৯ হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং ভবনের নীচের জমাটবদ্ধ পানি ভ্রাম্যমান আদালতের উপস্থিতিতে নিষ্কাশনের ব্যবস্থা করা হয়। ভবিষ্যতে পানি জমা থাকলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে বর্তমান বর্ষা মৌসুমে নির্মাণাধীন ভবনের নীচতলায়, ভবনের ছাদে বা ছাদ বাগানে যাতে পানি না জমে সে বিষয়ে সতর্ক থাকার জন্য ভবন মালিকদের প্রতি বিশেষভাবে অনুরোধ করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩